মেহেরপুরে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে তারুণের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট অনূর্ধ্ব ১৭ বালক বালিকা উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২১ জানুয়ারি) সকাল ১০ টার দিকে যুব ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে জেলা স্টেডিয়াম এ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষাও আইসিটি) মোঃ রনি আলম নূরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।বি শেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার পিপিএম মাকসুদা আকতার খানম।

জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদের সঞ্চালনায় এছাড়াও এসময় সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, জেলা শিক্ষা অফিসার মোঃ হযরত আলী, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক জহিরুল ইসলাম, জেলা পরিবেশ অধিদপ্তর সহকারী পরিচালক মোঃ মোজাফফর খানসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে তারুণ্যের উৎসব উদযাপনে ব্যাডমিন্টন টুর্নামেন্ট

মেহেরপুরে তারুণের উৎসব ২০২৫ উদযাপন ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেল চারটার দিকে অনুষ্ঠানে আয়োজনে মেহেরপুর সদর উপজেলা পরিষদ চক্করে ব্যাডমিন্টন টুর্নামেন্ট খেলা আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নূর, প্রকল্প বাস্তবায়নে সাইদুর রহমান এর সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান ওয়াহেদ হাসান, সহ-শিক্ষক ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে তারুণ্যের উৎসব ২০২৫, উৎযাপনে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে অনুর্ধ ১৭ আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। খেলায় মোনাখালী ইউনিয়ন একাদশ উপজেলা চাম্পিয়ন গৌরব অর্জন করে। মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, গৌরিনগর খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

গতকাল সোমবার বিকালে হাড্ডাহাড্ডি ফাইনাল খেলার মধ্যে দিয়ে বাগোয়ান ইউনিয়ন একাদশকে ১-০ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ বিজয়ী হওয়ার গৌরব অর্জন করেন। গতকাল সোমবার দিনব্যাপী খেলায় উপজেলার ৪ টি ইউনিয়নের খেলোয়ার অংশগ্রহন করেন। প্রথম রাউন্ডে একদিকে মোনাখালী ইউনিয়ন একাদশ ও মহাজনপুর ইউনিয়ন একাদশ অংশগ্রহন করেন।

৪০ মিনিটের খেলায় গোল শূন্য ড্র হওয়ায় ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। উক্ত ট্রাইবেকারে মহাজনপুর ইউনিয়ন একাদশকে ৩-১ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ ফাইনালে উন্নতি হয়। অন্যদিকে দারিয়াপুর ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে পরাজিত করে বাগোয়ান ইউনিয়ন একাদশ ফাইনাল খেলার গৌরব অর্জন করে।

দুপুরের বিরতির পর বিকালে বাগোয়ান ইউনিয়ন একাদশ ও মোনাখালী

ইউনিয়ন একাদশ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলাটি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন, মুজিবনগর প্রেসক্লাবের সাধারন সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমানসহ উৎসুক জনতা খেলাটি উপভোগ করেন।

খেলাটি পরিচালনা করেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নির্বাচনকৃত ২য় শ্রেনীর রেফারী সোহেল রানা। খেলা শেষে বিজয়ী ও বিজিত দলের হাতে পুরষ্কার তুলে দেয়া হয়।

ঝিনাইদহে প্রিমিয়ার লিগ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

“মাদককে না বলি, মাদক মুক্ত সমাজ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহ প্রিমিয়ার লিগ সিজন-৩ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৫ এর উদ্বোধন করা হয়েছে।

সোমবার (২০ জানুয়ারি) সকাল সাড়ে ১১ টাই রেভু্যলেশন স্পোর্টিং ক্লাব এর উদ্যোগে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ড সংলগ্ন মাঠে এ খেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে খেলার শুভ উদ্বোধন করেন উপ-প্রধান সম্পাস্মরণ কর্মকর্তা কৃষিবিদ মোঃ আব্দুল মোত্তাবিল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, আইপি জেলা ক্রিয়া অফিসার মোঃ মিজানুর রহমান, জেলা ক্রিকেটার দলের সাবেক অধিনায়ক হাসান শরীফ সবার। সভাপতিত্ব করেন রেভু্যলেশন স্পোর্টিং ক্লাবের সভাপতি জাহাঙ্গীর কবির তুহিন। অনুষ্ঠানটি সঞ্চালন করেন রেভু্যলেশন স্পোর্টিং ক্লাবের সাধারণ সম্পাদক ডাক্তার আরিফ মুহাম্মদ।

আয়োজক সূত্রে জানায় উক্ত খেলায় ২৪টি দল অংশগ্রহণ করবেন। উদ্বোধনী শহীদ জিয়া স্পোর্টিং ক্লাব ও ক্ষ্যাপা লক্ষ্মীপুর

মাগুরায় স্পোর্টিং ক্লাব উদ্বোধনী ম্যাচে খেলেন।

‘দলে মানিয়ে নিয়েছি, সেরাটা খেলতে পারছি’

লাস পালমাসকে ৪-১ গোলে হারিয়ে লা লিগায় পয়েন্ট টেবিলের শীর্ষে উঠেছে রিয়াল মাদ্রিদ। ম্যাচে জোড়া গোল করেছেন কিলিয়ান এমবাপ্পে। তার তাতেই দারুণ খুশি এই ফরোয়ার্ড। সামনেও এই ধারা অব্যাহত রেখেই ছুটতে চান তিনি।

প্রতিশ্রুতি দিয়েছেন সামনে নিজের সেরাটা দেওয়ার।
ম্যাচ শেষে রিয়াল মাদ্রিড টিভির সঙ্গে কথা বলেন ফরাসি তারকা। তিনি বলেন, ‘এটা সবসময় স্বপ্নের মতো যে, এই স্টেডিয়ামে দাঁড়িয়ে হাততালি পাব। রিয়াল সমর্থকেরা আমার নাম ধরে চিৎকার করছে, এটা তো আরো বেশি কিছু।

আমি খুবই খুশি, আমি দলে মানিয়ে নিয়েছি এবং আমি আমার সেরা খেলাটা খেলতে পারছি।’
কোপা দেল রে-র আগের ম্যাচে সান্তিয়াগো বার্নাব্যুয়ের গ্যালারি থেকে দুয়ো ভেসে এসেছে রিয়াল মাদ্রিদের ফুটবলারদের দিকে। আর লাল পালমাসের বিপক্ষে ম্যাচে সেই গ্যালারিতেই ছিল উচ্ছ্বাসের জোয়ার। বিশেষ করে, এমবাপ্পের নাম ধরে গলা ফাটিয়েছেন সমর্থকরা।

আগের দিন আতলেতিকো মাদ্রিদের হার এবং বার্সেলোনার ড্রয়ে রিয়ালের সামনে সুযোগ ছিল পয়েন্ট টেবিলের শীর্ষে উঠার। সে লক্ষ্যে মাঠে নেমে ২৭ সেকেন্ডের মাথায় গোল খেয়ে পিছিয়ে পড়ে দলটি। তবে এমবাপ্পে, রদ্রিগো ও দিয়াজের গোলে শেষ পর্যন্ত বড় জয় নিয়ে মাঠ ছাড়ে। জোড়া গোল করেন এমবাপ্পে। আর তাতেই তৃপ্ত এই ফরোয়ার্ড।

‘এটি আমাদের জন্য গুরুত্বপূর্ণ ম্যাচ ছিল। আমরা জানি, গতকাল অাতলেতিকো মাদ্রিদের হার এবং বার্সেলোনার ড্রয়ের কথা, তাই আমরা

জয় পেতে চেয়েছিলাম। যদি দ্রুত গোর খেয়ে আমাদের শুরুটা হয়েছিল খারাপভাবে। এর পর আমরা আক্রমণে উঠেছি, দ্রুতগতির ফুটবল খেলেছি, ফাঁকা জায়গায় হানা দিয়েছি দারুণভাবে। বেশ কয়েকটি গোল আদায় করে নিয়েছি। আমরা খুশি, কারণ আমরা এখন সবার ওপরে।’

আনচেলত্তিও প্রশংসা করেছেন এমবাপ্পের। তার ফর্মে ফেরায় স্বস্তিতে আছেন কোচ। ‘এমবাপ্পের ফর্ম আমাদের অনেক সাহায্য করছে। আজ আমরা ভালো খেলেছি। সঠিক ভারসাম্য ধরে রাখতে সক্ষম হয়েছি, যাতে ভালো সময় এবং কঠিন সময়গুলো ঠিকভাবে সামাল দিতে পারি।’

২০ ম্যাচে ৪৬ পয়েন্ট এখন রিয়ালের। সমান ম্যাচে ৪৪ পয়েন্ট আতলেতিকো মাদ্রিদের, ৩৯ পয়েন্ট বার্সেলোনা অ্যাথলেতিকো বিলবাওয়ের।

সূত্র:

আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতা

তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসকের (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ আবদুল্লাহ আল আমিন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি আশিক রাব্বি।

বিতর্ক প্রতিযোগিতায় স্কুল পর্যায়ে “জনস্বাস্থ্য রক্ষায় স্বাস্থ্যসম্মত শৌচাগার হাত ধোয়ার চেয়ে অধিক গুরুত্বপূর্ণ” বিষয়ে প্রথম স্থান অধিকার করে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। কলেজ পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতায় মেহেরপুর মহিলা কলেজ কে হারিয়ে মেহেরপুর সরকারি কলেজ চ্যাম্পিয়ন হয়।

আবার মেহেরপুর বয়েজ স্কুল কে হারিয়ে মেহেরপুর গার্লস স্কুল চ্যাম্পিয়ন হয়। কলেজ পর্যায়ে “ডেঙ্গু মোকাবেলায় প্রাতিষ্ঠানিক উদ্যোগের চেয়ে ব্যক্তিগত সচেতনতা-ই অধিক গুরুত্বপূর্ণ” প্রথম স্থান অধিকার করে মেহেরপুর সরকারি কলেজ। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

যে কারণে সাকিবের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

খুনের মামলার আসামী সাকিব আল হাসান ছিলেন আগে থেকেই। এরপর এবার তার নামে ভিন্ন এক মামলায় গ্রেফতারি পরোয়ানা জারি হলো। চেক প্রতারণার মামলায় বাংলাদেশের সাবেক অধিনায়ক ও পতিত আওয়ামী লীগ সরকারের মাগুরা-২ আসনের সংসদ সদস্য সাকিব আল হাসানের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত।

আজ রোববার ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জিয়াদুর রহমান এই পরোয়ানা জারি করেন। গেল ১৫ ডিসেম্বর সাকিবসহ চার জনের বিরুদ্ধে আইএফআইসি ব্যাংকের পক্ষে শাহিবুর রহমান বাদী

হয়ে এই মামলা করেন।

আদালত বাদীর জবানবন্দি রেকর্ড করে। সঙ্গে ১৮ জানুয়ারি সাকিবসহ চারজনের জন্য সমন জারি করেন। এর মাধ্যমে তাদেরকে আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া হয়। তখন আদালত আভাস দিয়েছিলেন, নির্দেশ অমান্য করলে গ্রেফতারি পরোয়ানা জারি হতে পারে তাদের বিরুদ্ধে। তারা নির্ধারিত সময়ে আদালতে হাজির না হওয়ায় তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হয় রোববার।

সাকিবের বিরুদ্ধে এই মামলা ও গ্রেফতারি পরোয়ানা জারি হয়েছে চেক জালিয়াতির কারণে। আইএফআইসি ব্যাংকের বনানী শাখা থেকে বিভিন্ন সময় ব্যবসায়িক উদ্দেশ্যে ঋণ নিয়েছে সাকিবের মালিকানাধীন অ্যাগ্রো ফার্ম।

বিপরীতে এই প্রতিষ্ঠানটি ব্যাংককে ২টি চেক ইস্যু করে। সেখানে টাকার পরিমাণ ছিল প্রায় ৪ কোটি ১৫ লাখ। তবে চেকের বিপরীতে পর্যাপ্ত পরিমান টাকা ছিল না ব্যাংক অ্যাকাউন্টে। যার ফলে চেক ডিজঅনার হয়।

তা থেকে মামলার সিদ্ধান্ত গ্রহণ করে ব্যাংক। এরপর সমনে সাড়া না দেওয়ার ফলে আজ তার বিরুদ্ধে জারি হলো গ্রেফতারি পরোয়ানা।

সূত্র: যুগান্তর

আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টে বারাদি ইউনিয়ন চ্যাম্পিয়ন

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত সদর উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল অনূর্ধ্ব-১৭ টুর্নামেন্টের বারাদি ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

আজ শনিবার বিকেলে অনুষ্ঠিত ফাইনাল খেলায় বাড়াদি ইউনিয়ন পরিষদ টাইব্রেকারে ৫-৩ গোলে প্রতিবেশী পিরোজপুর ইউনিয়নকে পরাজিত করে। তীব্র প্রতিদ্বন্দ্বিপূর্ণ খেলায় নির্ধারিত সময়ে কোন দলই কোন গোল করতে না পারায় শেষ পর্যন্ত টাইব্রেকারের আশ্রয় নিতে হয়। এতে বারাদি ইউনিয়নের পক্ষে আকাশ, সামিউল আলম, পরশ, রিয়াদ এবং রিফাত একটি করে গোল করেন।

পিরোজপুরের পক্ষে সুমন, জাহিদ হাসান এবং সাদ্দাম একটি করে গোল করেন। পিরোজপুরের সাদ্দাম সর্বোচ্চ গোলদাতা এবং বাড়াদির গোলরক্ষক জিহাদ সেরা খেলোয়াড়ের পুরস্কার লাভ করেন। এর আগে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। এ সময় তিনি উভয় দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, সরকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান এ সময় সেখানে উপস্থিত ছিলেন।

পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক তরিকুল ইসলাম পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

সৌদি লিগে খেলার ‘অযোগ্য’ নেইমার

নেইমারের কথা উঠছে আর ইনজুরি ইস্যু থাকবে না, তা যেন হয়ই না! পিএসজি ছাড়ার আগ থেকেই ব্রাজিল তারকার চোট। ইউরোপ ছেড়ে মধ্যপ্রাচ্যে আসলেও ইনজুরি তাকে ছাড়েনি। সৌদি প্রো লিগে এখন অবধি আল হিলালের হয়ে কত মিনিট খেলেছেন, তাও আঙুলের কড়ে গোনা যাবে। খেলতেই যেখানে পারছেন না, সেখানে ফর্মের প্রশ্ন আসে কী করে!

ব্রাজিলের তারকাকে নিয়ে তাই রাজ্যের কথা। নিজের ভবিষৎ নিয়েও শঙ্কায় পড়ে গেছেন নেইমার। ২০২৩ সালে ফ্রান্স ছেড়ে সৌদি আরবে এসেও বেঞ্চ গরম করেছেন। তাইতো কোনো রাগঢাক না রেখে আল হিলালের কোচ জর্জ জেসুস বলেছেন, সে সৌদি লিগে খেলার অযোগ্য।

সৌদিতে চোট নিয়েই আসেন নেইমার। এরপর চোটের মাত্রা দুদিন ভালো থাকলে তিনদিন পর আবার বেড়েছে। লম্বা পুনর্বাসন শেষে গত বছরের নভেম্বরে ফের চোট পান। ওই বছর খেলতে পেরেছেন মোটে দুই ম্যাচ। তাও মোটে ৪২ মিনিট। এমন অবস্থায় শোনা যাচ্ছে, নেইমারের সঙ্গে চুক্তি আর নবায়ন করবে না আল হিলাল। আর সেটি হলে মৌসুম শেষেই নতুন ঠিকানায় দেখা যাবে নেইমারকে।

নেইমারের ভবিষৎ নিয়ে তেমনই ইঙ্গিত দিয়েছেন আল হিলালের পর্তুগিজ কোচ। ডেইলি মেইলকে জর্জ বলেছেন, ‘আমি নেইমারের ভবিষ্যৎ নিয়ে কিছু জানি না। সৌদি প্রো লিগ এই মুহূর্তে বিশ্বের অন্যতম সেরা লিগ। সেই পর্যায়ে খেলার মতো অবস্থায় নেই ওর।’

নিজের কথার ব্যাখাও দিয়েছেন কোচ, ‘নেইমার আসলে এই লেভেলে খেলার যোগ্যতা হারিয়েছে। যখন আমি দল গঠন করছিলাম তখন তাকে ও আলেকসান্ডার মিত্রোভিচকে গুরুত্ব দিয়ে করেছিলাম। কিন্তু নেইমার তখনই পড়লেন ইনজুরিতে। সে গত ১৪-১৫ মাস মাঠের বাইরে। এখন সে নিজেকে কঠিন পরিস্থিতে ফেলেছে। নেইমারের চুক্তি এখনও আছে, কিন্তু তাকে ধরে রাখা হয়নি। এই দলবদল চলবে জানুয়ারির ৩১ তারিখ পর্যন্ত। আমি এমন কিছু এখন বলতে চাই না, যা আমি জানি না।’

কোচের কথায় পরিস্কার, নেইমার এরপর আর আল হিলালে নেই। শোনা যাচ্ছে, জানুয়ারি ট্রান্সফার উইন্ডোর মধ্যে ছেড়ে দেওয়া হতে পারে তাকে। সেক্ষেত্রে নেইমারের নতুন গন্তব্য হতে পারে আমেরিকার শিকাগো ফায়ার। তবে সবকিছু সময়ের ওপর নির্ভর করছে। দেখা যাক ইউরোপ ছেড়ে মধ্যপ্রাচ্যে আসা নেইমার কি আমেরিকায় ফেরেন নাকি ব্রাজিলে!

সূত্র: যুগান্তর

গাংনীতে তারুণ্যের উৎসব ভলিবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

পুরো টূর্ণামেন্ট জুড়েই ছিল দর্শকদের উচ্ছাস আর টান টান উত্তেজনা। দর্শকদের মূর্হমূর্হ করতালিতে দর্শক গ্যালারী ছিল উচ্ছাসিত। শ্বাসরুদ্ধকর প্রীতি ম্যাচে ৩-২ সেটে গাংনী পৌর ভলিবল দলকে পরাজিত করে বিজয় লাভ করেছে তেঁতুলবাড়িয়া ইউনিয়ন ভলিবল দল।

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে “এসো দেশ বদলাই পৃথিবী বদলাই ’ এই প্রতিপাদ্য নিয়ে গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ ক্যাম্পাসে আজ শুক্রবার বিকেল ৩ টার সময় টুর্নামেন্টের ৪র্থ দিনের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় গাংনী পৌর ভলিবল দলকে ৩-২ সেটে পরাজিত করে তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন ভলিবল দল উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন দল (বিজয়ী দলে) র শুভ। গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলাটি উপভোগ করেন এবং চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে পুরস্কার তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মনসুর রহমান, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, উপজেলা বিআরডিবি কর্র্মকর্তা মুস্তাফিজুর রহমান, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম, কাজীপুর ইউপি চেয়ারম্যার মুহঃ আলম হুসাইন, বাঁশবাড়ীয়া টেকনিক্যাল এন্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, ছাত্র সমন্বয়ক মুজাহিদুল ইসলাম প্রমুখ।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন করমদি ডিগ্রি কলেজের শিক্ষক এ এস এম সায়েম পল্টু ও গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আতর আলী। ধারাভাষ্যে ছিলেন ক্রিড়া সংগঠক সুলেরী আলভী। ৫ টি দল নিয়ে লীগ টুর্নামেন্টে গতকাল বৃহস্পতিবার দিনব্যাপী খেলায় গাংনী পৌর ভলিবল দল ৮ পয়েন্ট নিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

পক্ষান্তরে উপজেলার তেঁতুলবাড়ীয়া ভলিবল দল ৬ পয়েন্ট নিয়ে রানার্স আপ লাভ করে।

খেলা শেষে বিজয়ী ও রানার্স আপ দলের টিম ম্যানেজমেন্টের হাতে পুরস্কার হিসেবে ট্রফি এবং খেলোয়াড়দের ম্যাডেল প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।